# যৌনাঙ্গের লাইকেন

# স্ক্লেরোসাস

লাইকেন স্ক্লেরোসাস যৌনাঙ্গের ত্বকের একটি দীর্ঘমেয়াদী চর্মরোগ।

ISSVD® INTERNATIONAL SOCIETY FOR THE STUDY OF VULVOVAGINAL DISEASE 1970 WWW.ISSVD.ORG

# 01

## লাইকেন স্ক্লেরোসাস কি?

লাইকেন স্ক্লেরোসাস যৌনাঙ্গের ত্বকের একটি দীর্ঘমেয়াদী চর্মরোগ। এটি সাধারণত রজোবন্ধের (মেনোপজ) বয়সের কাছাকাছি শুরু হয় কিন্তু এই রোগ যেকোনো বয়সে হতে পারে। এটি ১০০০ মধ্যে কমপক্ষে ১টি মহিলার হয় তবে খুব কম ক্ষেত্রে পুরুষ এবং শিশুদেরও হতে পারে। যৌনাঙ্গ ছাড়া শরীরের অন্য অংশের ত্বকে ত্বক সাধারণত এই রোগ খুব কম হয়। এই রোগের কারনে ত্বক সাদা, ভঙ্গুর, বা কুঁচকানো হয়ে যায়। কিন্তু কখনও কখনও এই রোগের কারনে ত্বক মসৃণ দেখায়।

# 02

## লাইকেন স্ক্লেরোসাসের কারন কি?

লাইকেন স্ক্লেরোসাসের কারন অজানা। কিছু রোগীদের (এবং / অথবা তাদের নিকটাত্মীয়দের) অটোইমিউন রোগ যেমন থাইরয়েডের অসুখ বা শ্বেতীর থাকে। অটোইমিউন রোগগুলির কারনে সংক্রমণ প্রতিরোধের জন্য শরীর যে কোষ এবং প্রোটিন ব্যবহার করে তা শরীরের নিজের টিস্যুগুলিকে ক্ষতিগ্রস্ত করতে শুরু করে এবং এর ফলে তারা স্বাভাবিকভাবে কাজ করতে পারে না। আপনার ডাক্তার অটোইমিউন রোগের জন্য রক্ত পরীক্ষা করতে পারে। ত্বক চুলকানি, বা ছত্রাক বা ব্যাক্টেরিয়ার সংক্রমণের কারনে উত্তেজিত হলে লাইকেন স্ক্লেরোসাসের অবনতি হতে পারে।

লাইকেন স্ক্লেরোসাস কিন্তু সংক্রমণ নয় এবং সংক্রামক নয়। এটি যৌন সঙ্গীর কাছে প্রেরণ করা যাবে না। কখনও কখনও, পরিবারের সদস্যদের মধ্যে এই রোগ হতে পারে, কিন্তু এর ঝুঁকি অজানা।

যৌনাঙ্গের
লাইকেন
স্ক্লেরোসাস

# 03

## লাইকেন স্কেলরোসাসের লক্ষণগুলি কি?

- চুলকানি হল সবচেয়ে সাধারণ লক্ষণ। কখন কখন মারাত্মক চুলকানি হতে পারে যা ঘুমের ব্যাঘাত করতে পারে।

- সহবাসের সময় ব্যথা এবং জ্বালা অনুভব হতে পারে। ত্বকে ছোট ছোট ফাটল (ফিসার) এবং আলসার চুলকানির ফলে তৈরি হতে পারে। এর থেকে প্রচন্ড ব্যথা হতে পারে। মলদ্বারের ত্বকে ফাটল তৈরি হলে মলত্যাগের সময়ে ব্যথা হতে পারে।

- ত্বক সাদা, ভঙ্গুর, বা কুঁচকানো হয়ে যায়। এই পরিবর্তনগুলি যৌনাঙ্গের আংশিক ত্বকে হতে পারে বা যৌনাঙ্গ থেকে মলদ্বার পর্যন্ত প্রসারিত হতে পারে।

- বারবার আঁচড়ানর জন্যে ত্বকে ছোট ছোট রক্তক্ষরণ হতে পারে এবং ত্বকের রঙ বেগুনি / লাল হয়ে যেতে পারে।

- যৌনাঙ্গের চামড়া নষ্ট হয়ে যাওয়ার ফলে যোনির প্রবেশদ্বারের সংকুচিত হয়ে যেতে পারে যার ফলে যৌন মিলনের সময় ব্যথা হতে পারে। কখনও কখনও এর ফলে প্রস্রাবের সময় ব্যথা হতে পারে।

- এই রোগ যোনি অব্দি বিস্তৃত হয় না।

কিছু মানুষের মধ্যে রোগের কোন লক্ষণ দেখা যায়না এবং এবং অন্য যদি কোন কারনে যৌনাঙ্গ পরীক্ষা করা হয় তখন রোগটি ধরা পরে।

যৌনাঙ্গের লাইকেন স্কেলরোসাস সহ প্রায় ১০% মহিলাদের শরীরের অন্যান্য অংশের ত্বকে সাদা দাগ দেখা যেতে পারে। এগুলি সাধারণত পিঠে, কোমরে, এবং স্তনের নীচে দেখা যায়।

# 04

## লাইকেন স্ক্লেরোসাস কিভাবে নির্ণয় করা হয়?

বেশিরভাগ ক্ষেত্রে, ত্বকের পরিবর্তনগুলি দেখে এই রোগের নির্ণয় করা যায় । কখনও কখনও ত্বকের বায়োপ্সি পরীক্ষা করে রোগ নির্ণয় নিশ্চিত করা হয়। এর জন্যে অবশ করার ওষুধ (অ্যানেস্থেটিক) দিয়ে ত্বককে অসাড় করার পরে ত্বকের একটি ছোট টুকরো (বায়োপ্সি) নেওয়া হয় এবং সেটিকে মাইক্রোস্কোপের তলায় পরীক্ষা করে দেখা হয় । বায়োপ্সি পরীক্ষা ডাক্তারের চেম্বারে করা যেতে পারে ।

# 05

## লাইকেন স্ক্লেরোসাসের চিকিৎসা কি?

লাইকেন স্ক্লেরোসাসের কোনো চিকিৎসা নেই কিন্তু শক্তিশালী স্টেরয়েড মলম ব্যবহার করে সাধারণত উপসর্গগুলি যথেষ্ট মাত্রায় নিয়ন্ত্রণ করা যায় । শক্তিশালী টপিকাল স্টেরয়েড ব্যবহারের মাধ্যমে যৌনাঙ্গের ত্বকের চেহারার এবং অবস্থার উন্নতি হতে পারে । কিন্তু যদি ত্বক অনেক বেশি ক্ষতিগ্রস্ত হয়ে থাকে তবে তাহলে ত্বক স্বাভাবিক অবস্থায় ফিরে নাও আসতে পারে । সঠিক চিকিৎসা ভবিষ্যতে ত্বকের আরও ক্ষতি রোধ করে ।

লাইকেন স্ক্লেরোসাসের সবচেয়ে কার্যকর চিকিৎসা হল খুব শক্তিশালী টপিকাল স্টেরয়েড মলম, যেমন ক্লোবেটাসল প্রোপিওনেট, বা হ্যালোবেটাসল । এই মলম এই রোগের চিকিৎসার জন্য যৌনাঙ্গে নিরাপদে ব্যবহার করা যেতে পারে। আপনার ডাক্তার কিভাবে এই মলম ব্যবহার করবেন সেটা বুঝিয়ে দেবেন । সাধারণত মটর-দানার মত পরিমাণের মলম যৌনাঙ্গের ত্বকের চিকিৎসার জন্য যথেষ্ট । ১৫ থেকে ৩০ গ্রামের একটি টিউব ৬ মাস বা তার বেশি সময় ধরে চলা উচিত। আপনার ডাক্তারের পরামর্শ ছাড়া চিকিৎসা বন্ধ করা উচিত নয়, কারণ চিকিৎসা বন্ধ করলে লিকেন স্ক্লেরোসাসের পুনরাবৃত্তি বা বাড়াবাড়ি হতে পারে । শক্তিশালী স্টেরয়েড মলম ছাড়াও, সাধারণ ময়শ্চারাইজার, যেমন, পেট্রোলিয়াটাম জ্বালা-যন্ত্রনা থেকে আরাম দিতে পারে ।

তব্কের জব্লা করাতে পারে এমন সমস্ত জিনিস এড়ানো উচিত, কারণ জব্লা লাইকেন স্ক্লেরোসাসের বৃদ্ধি করে। কয্যান্ডিডা বা বয্যাক্টেরিয়া থেকে সংকর্মণ হলে তার চিকিৎসা করতে হবে। তব্কের উপরিভাগে শুধুমাতর্ আঙুলের ডগা এবং উষ্ণ জল বয্বহার করে আলতোভাবে করে পরিষ্কার করা উচিৎ। কেউ কেউ লবণাক্ত দর্বণ (এক কাপ জলে দর্বীভূত লবণের এক চতুথর্াংশ) দিয়ে ধুতে পছন্দ করেন।

আপনি মাঝে মাঝে চুলকানি অনুভব করতে পারেন। এটি দিনের একটি নিদির্ষ্ট সময়ে, যেমন রাতে আরও খারাপ হতে পারে এবং অনেক মহিলা চুলকাতে গিয়ে তাদের অবস্থার অবনতি করে ফেলে। অনেক মহিলা চুলকানির কারনে ঘুমাতে পারেন না। অনেক মহিলা চুলকানির তাড়না সহয্ করতে পারেন না। স্টেরয়েড মলম এবং উপশমকারী পর্লেপ চুলকানি কমাতে সাহাযয্ করে। বারবার চুলকানি যৌনাঙ্গের তব্কের ক্ষতি করত পারে এবং রোগ আরও বাড়িয়ে তুলতে পারে। চুলকানির জনয্ আমরা কেবল ২টি পন্থা বয্বহার করতে পারি। পর্থমত, রোগের যথাযথ চিকিৎসা করা উচিত; এই দায়িতব্টি আপনার এবং আপনার ডাক্তার – দুজনেরই। দিব্তীয়ত, যদি চুলকানি হয় তবে নিজেকে অনয্দিকে মন দিন – এই দায়িতব্টি শুধুই আপনার। যেমন, আপনি যদি বিছানায় থাকেন এবং চুলকানি অসহয্ হয়ে ওঠে, তাহলে উঠে পরুন এবং অনয্ কোন কাজে মন দেওয়ার চেষ্টা করুন। যখন আপনি অনুভব করেন যে চুলকানি কমে গেছে, তখন বিছানায় ফিরে যাওয়ার চেষ্টা করুন। পর্থম পর্জন্মের এন্টিহিস্টামিন ওষুধ যেমন হাইডের্াক্সাইজিন ঘুমানোর সময় খেলে চুলকানি কমাতে পারে। আপনার নখ ছোট করে রাখবেন, তাহলে ঘুমের মধেয্ অজান্তে আঁচড় দিলে খুব বেশি ক্ষতি হবে না।

যদি যৌন মিলন বেদনাদায়ক হয়, পর্াকৃতিক লুবির্কেন্ট বয্বহার করতে পারেন। যদি শুষ্কতা হয়, এবং আপনার বয়স যদি রজোবন্ধের (মেনোপজের) বয়সের কাছাকাছি হয়, আপনার সব্াস্থয্সেবা পর্দানকারীকে যোনির ইস্টের্াজেন কির্ম সমব্ন্ধে জিজ্ঞাসা করুন। বেদনাদায়ক যৌন মিলন এড়িয়ে চলা উচিত।

# 06

## যদি শিশুদের লাইকেন স্ক্লেরোসাস হয় তার ভবিষয্ৎ ফলাফল কি?

এই রোগটি সাধারণত কিশোর বয়সে কমে যায়, কিন্তু কিছু কিছু কিশোর -কিশোরীর লক্ষণগুলি অবয্াহত থাকে এবং দীঘর্মেয়াদী চিকিৎসার পর্য়োজন হয়। সৌভাগয্বশত, এটি তাদের ভবিষয্তে সন্তান ধারণের ক্ষমতাকে পর্ভাবিত করে না।



ISSVD® · INTERNATIONAL SOCIETY FOR THE STUDY OF VULVOVAGINAL DISEASE · 1970
WWW.ISSVD.ORG